

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মে ১৭, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
প্রজ্ঞাপন

তারিখ : ২ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ/১৬ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং ৯৯-আইন/২০২৩।—উদ্ভিদ সংগনিরোধ আইন, ২০১১ (২০১১ সনের ৫ নং আইন) এর ধারা ৩৯ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উদ্ভিদ সংগনিরোধ বিধিমালা, ২০১৮ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ১৪ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ১৪ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“১৪। আমেরিকান এবং ইউএস তুলা আমদানি।—(১) আমেরিকান তুলা আমদানির ক্ষেত্রে নিম্নবর্ণিত বিধান প্রযোজ্য হইবে, যথা:—

- (ক) উদ্ভিদ সংগনিরোধ কর্মকর্তা বন্দর কর্তৃপক্ষের অনুমতিক্রমে এবং তদ্ব্যতিরিক্ত নির্ধারিত এলাকার মধ্যে বিষবাস্পীকরণের (Fumigation) মাধ্যমে উহা শোধন করিবেন;
- (খ) বিমান, জাহাজ, পোস্ট অফিস বা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে অনধিক ১০ (দশ) কেজি তুলার নমুনা আমদানি করা যাইবে এবং এইক্ষেত্রে সংশ্লিষ্ট বিমান বন্দর, পোস্ট অফিস বা কুরিয়ার সার্ভিস কর্তৃপক্ষ কর্তৃক ছাড়করণের পূর্বে উহা পরীক্ষণ ও বিষবাস্পীকরণের জন্য উদ্ভিদ সংগনিরোধ কর্মকর্তার নিকট হস্তান্তর করিতে হইবে; এবং
- (গ) ট্রানজিট বা ট্রান্সশিপমেন্টের ক্ষেত্রে আংশিক বা সম্পূর্ণ কনসাইনমেন্ট বন্দর এলাকায় বা বার্জে (Barges) খালাসের প্রয়োজন হইলে উহা বিষবাস্পীকরণের মাধ্যমে শোধন করিতে হইবে।

(৫৫৪৭)

মূল্য : টাকা ৪.০০

(২) ইউএস তুলা আমদানির ক্ষেত্রে নিম্নবর্ণিত বিধান প্রযোজ্য হইবে, যথা:—

(ক) প্রতিটি কনসাইন্টমেন্ট কটন বল উইভিল (*Anthonomus grandis*) মুক্ত মর্মে এনিমেল এন্ড প্লান্ট হেল্থ ইম্পেকশন সার্ভিস (APHIS) এর ফাইটোসেনিটারি সার্টিফিকেট (PC)-এ ঘোষণা সাপেক্ষে, ছাড়পত্র প্রদান করা যাইবে এবং এইক্ষেত্রে বিষবাস্পীকরণ প্রয়োজন হইবে না; এবং

(খ) বিমান, জাহাজ, পোস্ট অফিস বা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে অনধিক ১০ (দশ) কেজি তুলার নমুনা আমদানি করা যাইবে এবং এইক্ষেত্রে সংশ্লিষ্ট বিমান বন্দর, পোস্ট অফিস বা কুরিয়ার সার্ভিস কর্তৃপক্ষ কর্তৃক ছাড়করণের পূর্বে উহা পরীক্ষণের জন্য উদ্ভিদ সংগনিরোধ কর্মকর্তার নিকট হস্তান্তর করিতে হইবে এবং কটন বল উইভিল (*Anthonomus grandis*) মুক্ত মর্মে এনিমেল এন্ড প্লান্ট হেল্থ ইম্পেকশন সার্ভিস (APHIS) এর ফাইটোসেনিটারি সার্টিফিকেট (PC)-এ ঘোষণা সাপেক্ষে, ছাড়পত্র প্রদান করা যাইবে।

(৩) কোনো জাহাজে আমেরিকান তুলা, ইউএস তুলা এবং অন্য কোনো তুলা বা উক্ত তুলার গাইট (Bale) বা তুলা দ্বারা তৈরী বস্ত্র আমদানি করা হইলে—

(ক) আমেরিকান তুলা এবং অন্য তুলা বা উক্ত তুলার গাইট বা তুলা দ্বারা তৈরী বস্ত্রের ক্ষেত্রে উপ-বিধি (১) এর বিধান প্রযোজ্য হইবে; এবং

(খ) ইউএস তুলা বা উক্ত তুলার গাইট বা তুলা দ্বারা তৈরী বস্ত্রের ক্ষেত্রে উপ-বিধি (২) এর বিধান প্রযোজ্য হইবে।

ব্যাখ্যা।—এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে,—

(ক) “আমেরিকান তুলা” বলিতে ইউনাইটেড স্টেটস অব আমেরিকা ব্যতীত উত্তর আমেরিকা, দক্ষিণ ও মধ্য আমেরিকা এবং উহাদের সন্নিহিত দ্বীপসমূহে উৎপাদিত তুলাকে বুঝাইবে; এবং

(খ) “ইউএস তুলা” বলিতে ইউনাইটেড স্টেটস অব আমেরিকায় উৎপাদিত তুলাকে বুঝাইবে।”;

(২) তফসিল-২ এর column 1 এর SL. No. 118 এর বিপরীতে column 4 এ উল্লিখিত Raw cotton bales/gites for industrial use এর বিপরীতে column 7 এ উল্লিখিত এন্ড্রির পরিবর্তে নিম্নরূপ এন্ড্রি প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(i) Fumigation with appropriate fumigants at recommended dose or in case of American cotton (except US cotton) until the competent authority declared that they have successfully eradicated cotton boll weevil (*Anthonomus grandis*).

- (ii) Unginned cotton shall not be imported.
- (iii) No vessel shall discharge American cotton (except US cotton) during a period of rain, mist or drizzle.
- (iv) Where American cotton, US cotton and any other cotton or cotton bale or fabric made of that cotton is carried in a vessel—
 - (a) sub-rule (1) of rule 14 shall be applied in case of American cotton and other cotton or cotton bale or fabric made of that cotton; and
 - (b) sub-rule (2) of rule 14 shall be applied in case of US cotton or cotton bale or fabric made of that cotton.
- (v) Samples of American cotton and US cotton imported by air, ship, post office or courier service, not exceeding 10 kilogram, shall be handed over to Plant Quarantine Officer by the concerned authority for examination. In case of American cotton, it shall be fumigated but fumigation is not required for US cotton before release subject to declaration that it is free from cotton boll weevil (*Anthonomus grandis*) in the phytosanitary certificate from Animal & Plant Health Inspection Service (APHIS).
- (vi) Free from quarantine weed seeds.
- (vii) US cotton consignment shall be released in Bangladesh ports subject to declaration that it is free from cotton boll weevil (*Anthonomus grandis*) in the phytosanitary certificate from Animal & Plant Health Inspection Service (APHIS) on each and every consignment and in this case no fumigation is required.”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবু জুবাইর হোসেন বাবলু
মহাপরিচালক (বীজ)।